৭৮

| জরুরী | |
|---|---|
| অতীব জরুরী | |
| নথিতে দিন/নথিভুক্ত করুন | |
| সকলের অবগতির জন্য | |

বাংলদেশ জাতীয় জাদুঘর
জনশিক্ষা বিভাগ
শাহবাগ, ঢাকা-১০০০।

**সিটিজেন চার্টারে সংযোগিত নাগরিক সেবা প্রদান প্রতিশ্রুতি শীর্ষক মতবিনিময় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো. কামরুজ্জামন<br>মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর |
| তারিখ | : | ২৯ মার্চ ২০২৩, বুধবার |
| সময় | : | বেলা ২ টা |
| স্থান | : | কবি সুফিয়া কামাল মিলনায়তন, বাংলাদেশ জাতীয় জাদুঘর। |

সভার শুরুতে সভাপতি আমন্ত্রিত স্টেক হোল্ডারদের স্বাগত জানিয়ে বলেন, বাংলাদেশ জাতীয় জাদুঘর ইতিহাস, ঐতিহ্য, পুরাতত্ত্ব, শিল্পকলা, সংস্কৃতি-শিক্ষা ও প্রাকৃতিক সম্পদ সম্পর্কিত নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ ও প্রদর্শনের একটি জাতীয় প্রতিষ্ঠান। ১৯১৩ সালের ৭ আগস্ট বাংলার গভর্নর লর্ড কারমাইকেল নবগঠিত পূর্ববাংলা ও আসাম প্রদেশের রাজধানী ঢাকায় নবনির্মিত সচিবালয়ে ঢাকা জাদুঘর উদ্বোধন করেন। এর প্রথম কিউরেটর ছিলেন ড. নলিনীকান্ত ভট্টশালী। সরকারের পৃষ্ঠপোষকতা, বিভিন্ন শ্রেণি-পেশাজীবীর মূল্যবান পরামর্শ, সংস্কৃতিজন ও বিভিন্ন খ্যাতিমান ব্যক্তিবর্গের অগ্রণী ভূমিকা, বিদ্যোৎসাহী ও গবেষকদের প্রজ্ঞা, উপহার দাতাগণের অবদান, সুহৃদদের সহযোগিতা এবং জাদুঘর কর্মীগণের অক্লান্ত পরিশ্রমে ১৯৮৩ সালে ঢাকা জাদুঘর রূপান্তরিত হয় বাংলাদেশ জাতীয় জাদুঘরে। এ রূপান্তর দেশ ও জনগণের প্রতি জাদুঘরের দায়বদ্ধতা যেমন বেড়েছে, পাশাপাশি জাতীয় জীবনে এর ব্যাপ্তি সম্পৃক্ততা ও কর্মের পরিধি দিনে দিনে দৃশ্যমানভাবেই সম্প্রসারিত হয়েছে এবং একটি বহুমাত্রিক প্রতিষ্ঠান রূপে বিকশিত হয়েছে। হাজার বছরের নৃ-তাত্ত্বিক উপাদানে সমৃদ্ধ ৯৩ হাজার ৫৬৬টি নিদর্শন বাংলাদেশ জাতীয় জাদুঘর সংগ্রহ করেছে। এর মধ্যে ৩ হাজার ৮৮৭টি নিদর্শন প্রদর্শিত হচ্ছে ৪৫টি গ্যালারিতে। নিদর্শন প্রদর্শনের পাশাপাশি বাংলাদেশ জাতীয় জাদুঘর নিয়মিত গাইড সেবা প্রদান, প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান, হুইল চেয়ার সেবা প্রদান, বিশুদ্ধ পানি সরবরাহ, গ্রন্থপাঠ সেবা, মিলনায়তন ব্যবহার সেবা, তথ্য সেবা, বিশেষ চাহিদা সম্পন্নদের বিশেষ বাথরুম সেবা, ইন্টারনেট সেবা, মোবাইল ফোন রিচার্জ সেবা, মাতৃদুগ্ধ পান সেবাসহ নানামাত্রিক সেবা প্রদান করে আসছে।

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা করে সিটিজেন চার্টারে সংযোজিত নাগরিক সেবা আধুনিক করার লক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর নিয়মিত কাজ করে যাচ্ছে। আজ আমরা আমন্ত্রণ জানিয়েছি এ বিষয়ে আপনাদের মতামত জানার জন্য। আপনাদের মূল্যবান মতামতের ভিত্তিতে আগামী দিনের কার্মপদ্ধতি স্থির করা হবে। সভার সুরুতেই সভাপতি ইতোপূর্বে আয়োজিত মতবিনিময় সভার সিদ্ধান্ত ও অগ্রগতি উপথাপন করার জন্য উপ-কীপার ড. সুমনা আফরোজ কে অনুরোধ করেন। পূর্ববর্তী সভার সিদ্ধান্ত ও অগ্রগতি উপথাপনের পর সভাপতি উপস্থিত সকলকে সুপারিশ/প্রস্তাব উপস্থাপনের জন্য অনুরোধ করেন। আমন্ত্রিত অতিথিবৃন্দ নিম্নবর্ণিত সুপারিশ উপস্থাপন করেন:

| ক্রমিক | নাম ও ঠিকানা | মতামত | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ড. আসিয়া খানম লিখন<br>কিউরেটর,<br>টাকা জাদুঘর<br>বাংলাদেশ ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট কমপ্লেক্স<br>মিরপুর, ঢাকা। | বাংলাদেশ জাতীয় জাদুঘর একুশে পদক প্রাপ্তির জন্য তিনি সভাপতিকে ধন্যবাদ জানিয়ে বলেন, মুদ্রা গ্যালারিতে গিয়াস উদ্দিন আই বকের স্থলে কুতুবউদ্দিন আইক এর নাম দেওয়া আছে। সংশোধন করার অনুরোধ জানিয়ে বলেন, মুদ্রা ধারাবাহিকভাবে সাজানো প্রয়োজন। এছাড়াও তিনি ফেনীর ছাগলনাইয়াতে পাওয়া প্রস্তার | সভাপতি বলেন ভাষা আন্দোলনের অনেক স্মৃতি নিদর্শন জাদুঘরে সংগ্রহীত আছে। যা শিক্ষার্থীদের ভাষা আন্দোলন সম্পর্কে জানতে সহায়তা করে। মুদ্রা গ্যালারির ভুল তথ্য সংশোধনের জন্য তিনি নির্দেশনা দেন এবং বলেন, জাদুঘরে প্রায় ৬২ হাজার মুদ্রা সংগৃহীত আছে। মুদ্রার জন্য আলাদা গ্যালারি করা হচ্ছে। সে সময় ভুল সংশোধন সহ |

| | | | |
|---|---|---|---|
| | | কুঠারটি টি ভাস্কর্য গ্যালারিতে স্থাপন। এরপর জাদুঘরের প্রদর্শক প্রভাষক জনবল কম থাকায় দর্শনার্থীরা পর্যাপ্ত গাইড সেবা থেকে বঞ্চিত হচ্ছে। এজন্য তিনি জনবল বৃদ্ধির অনুরোধ জানান। | ধারাবাহিকভাবে সাজানো যাবে। বাংলাদেশের প্রথম প্রস্তর কুঠারটি ভাস্কার্য গ্যালারিতে প্রতিস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশনা প্রদান করেন। জনবল স্বল্পতার সম্পর্কে সভাপতি বলেন, জাদুঘর ১৯১৩ সালে প্রতিষ্ঠিত। পূর্বের জনবল দিয়ে প্রতিষ্ঠানটি চলতে পারে না। এজন্য সরকারের কাছে জনবল বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। |
| ২ | জনাব জানেসার ওসমান<br>চলচ্চিত্র প্রযোজক ও পরিচালক ও সাবেক জেনারেল ম্যানেজার<br>বাংলাদেশ টেলিভিশন | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে শ্রদ্ধা জানিয়ে বলেন, জাদুঘর একটি সেবামূলক প্রতিষ্ঠান। জাদুঘরের অডিটোরিয়াম বা প্রদর্শনী গ্যালারি সাশ্রয়ী মূল্যে ব্যবহারের সুযোগ দেওয়ার অনুরোধ জানান। পাশাপাশি তিনি বলেন, জাদুঘর ব্যবসা করার প্রতিষ্ঠান না, সাংস্কৃতিক চর্চা এর মূল উদ্দেশ্য | সভাপতি বলেন, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে নিজস্ব আয় দিয়ে জাদুঘর চলবে এটাই সরকারের অভিপ্রায়। তবে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় অনুমোদন দিলে আমরা অর্ধেক ভাড়া কিংবা বিনা ভাড়ায় হল ও প্রদর্শনী গ্যালারি ব্যাবহারের সুযোগ প্রদান করে থাকি। |
| ৩ | শিল্পী ভাস্কর রাশা | একুশে পদক পাওয়ার জন্য তিনি জাদুঘরকে ধন্যবাদ জানান। একুশে পদক পাওয়ার ব্যানারে জাদুঘরের প্রথম কিউরেটর ড. নলিনীকান্ত ভট্টশালীর অবদানকে তুলে ধরার অনুরোধ জানান। এরপর তিনি জাদুঘর ভবনের সামনের বাগানে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্করটি আই লেবেলে স্থাপনের অনুরোধ করেন। এরপর তিনি ভার্চুয়াল গ্যালারি তৈরির অনুরোধ করেন। | সভাপতি বলেন, বাংলাদেশ জাতীয় জাদুঘর প্রথম কিউরেটর নলিনিকান্ত ভট্টশালী কে সবসময় শ্রদ্ধার সাথে স্মরণ করে এজন্য জাদুঘরের বিশেষ একটি প্রদর্শনী কক্ষ নলিনীকান্ত ভট্টশালীর নামে নামকরণ করা হয়েছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবক্ষ আইলেবেলে স্থাপনের আশ্বাস দেন। এছাড়াও তিনি বলেন, জাদুঘরের ভার্চুয়াল গ্যালারি রয়েছে। গ্যালারিটি সময়ের উপযোগী করার উদ্দেশ্যে নানাবিধ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ৪ | জনাব মোঃ সেলিম | শিক্ষাক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে একুশে পদক পাওয়ার জন্য ধন্যবাদ জানান। জাদুঘরের প্রদর্শক প্রভাষকদের পদটি প্রথম শ্রেণীতে উত্তীর্ণ করার অনুরোধ জানান। এরপর তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের গাইড | সভাপতি বলেন, সীমিত জনবল দিয়েই শিক্ষা শাখা শিক্ষা কর্মসূচি চালিয়ে যাচ্ছে। জাদুঘর প্রাতিষ্ঠানিক কাঠামোর সংশোধনের জন্য সরকারের কাছে সুপারিশ পেশ করেছে। সংশোধন হলে পর্যাপ্ত প্রদর্শক প্রভাষক |

| | | | |
|---|---|---|---|
| | | হিসেবে ব্যবহারের অনুরোধ জানান। | নিয়োগ দেওয়া হবে। শিক্ষার্থীদের গাইড সেবা প্রদানের জন্য বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের সাথে চুক্তি করার বিষয়ে উদ্যোগ গ্রহণের জন্যও তিনি আশ্বাস প্রদান করেন। |

সেবার মান যুগোপযোগী করার লক্ষ্যে স্টেকহোল্ডারদের মতামত বাস্তবায়নের আশ্বাস দিয়ে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কাজ সমাপ্ত করেন।

০৪/০৪/২০২৩

(মো. কামরুজ্জামান)
মহাপরিচালক
বাংলাদেশ জাতীয় জাদুঘর

স্মারক নম্বর: ৪৩.২২.০০০০.০১২.০২.০২১.২৩.৩৪৬৪(২০)/৩৫৩৯(২০) তারিখ: ০৪.০৪.২০২৩

অনুলিপি অবগতি ও কার্যার্থে

১। উপ-কীপার (সংর)..........বিভাগ/ শাখা প্রধান, বাংলাদেশ জাতীয় জাদুঘর।

২। উপ-কীপার/ উপ-কীপার (রু.দা.)/ সহকারী কীপার (রু.দা.), ..........।

৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ জাতীয় জাদুঘর।

০৪/০৪/২০২৩

ড. শিহাব শাহরিয়ার
কীপার, জনশিক্ষা বিভাগ
বাংলাদেশ জাতীয় জাদুঘর।

বাংলাদেশ জাতীয় জাদুঘর

শাহবাগ, ঢাকা-১০০০।

**সিটিজেন চার্টারে নানা পেশার অংশীজনের সাথে মতবিনিময় সভার অংশগ্রহণকারীর নাম-এর তালিকা:**

**তারিখ: ২৯ মার্চ ২০২৩ খ্রি: সময়: বেলা- ২.০০ টা**

| ক্রমিক নং | নম্বর | নাম, পদবি ও ঠিকানা | স্বাক্ষর ও মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ১. | ১ | জনাব ড. আছিয়া খানম লিখন<br>কিউরেটর, টাকা জাদুঘর<br>গবেষক, ঢাকা | স্বাক্ষর: Achia<br>মোবাইল: |
| ২. | ২ | জাঁ-নেসার ওসমান<br>জেনারেল ম্যানেজার (অব:)<br>বিটিভি, ঢাকা এবং<br>বিশিষ্ট চলচিত্রে নির্মাতা | স্বাক্ষর: [signature]<br>মোবাইল: ০১৭৩১-৩৭১২১৭ |
| ৩. | ৩ | শিল্পী ভাস্কর রাশা<br>১৬/৫ মধুবাগ<br>মগবাজার, ঢাকা | স্বাক্ষর: [signature]<br>মোবাইল: ০১৭১২৮৬৫৮৯৭ |
| ৪. | ৪ | জনাব মো. নুরুল হুদা<br>এডভোকেট<br>পঞ্চগড় জজ কোর্ট<br>জেলাা-পঞ্চগড়-৫০০০। | স্বাক্ষর: [signature]<br>মোবাইল: 01714087867 |
| ৫. | ৫ | জনাব ফারিয়া ইসলাম অনি<br>এইচ.এস.সি (১ম বর্ষ)<br>উদয়ন উচ্চ বিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়। | স্বাক্ষর: Faria<br>মোবাইল: |
| ৬. | ৬ | জনাব মোছাঃ আরজুবান্দ বানু<br>বেরাইদ মুসলিম হাই স্কুল<br>বাডডা থানা, ঢাকা। | স্বাক্ষর: [signature]<br>মোবাইল: |
| ৭. | ৭ | জনাব মো. হাসনান শাহিন<br>সাংবাদিক<br>সংবাদ পত্রিকা, ঢাকা | স্বাক্ষর: Shahin<br>মোবাইল: |
| ৮. | ৮ | জনাব মো. কামরুল ~~ইসলাম~~ হাসান<br>বীমা প্রতিনিধি ও সংগঠক<br>১/সি, বসুন্ধরা, ঢাকা | স্বাক্ষর: K Hasan<br>মোবাইল: 29-03-23 |
| ৯. | ৯ | অ্যাডভোকেট মো. আমিনুল ইসলাম খান<br>সুপ্রীমকোর্ট, ঢাকা<br>প্লট-২৮, রোড-১১, সেক্টর-১১<br>উত্তরা, ঢাকা-১২৩০ | স্বাক্ষর:<br>মোবাইল: [signature] |
| ১০. | ১০ | জনাব মো. সিয়াম শাহরিয়ার<br>দশম শ্রেণি<br>ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ<br>ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | স্বাক্ষর: সিয়াম<br>মোবাইল: 01840571800 |

| ক্রমিক নং | নম্বর | নাম, পদবি ও ঠিকানা | স্বাক্ষর ও মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ১১. | ১১ | জনাব হাসনাইন হাসান<br>এস.এস.সি পরীক্ষার্থী<br>গভ: ল্যাবরেটরী হাই স্কুল, ঢাকা | স্বাক্ষর: [signature]<br>মোবাইল: 01711281213 |
| ১২. | ১২ | লায়ন আলহাজ্ব এ.টি.এম আমিরুল গণি খোকন<br>৩/১ এস কাই ভিউ হিনোলাক্স সেন্টার<br>৬ তলা পুরানা পল্টন ঢাকা-১০০০ | স্বাক্ষর: —<br>মোবাইল: |
| ১৩. | ১৩ | জনাব মিল্টন কুমার পাল<br>সহকারী শিক্ষক<br>আমিরজান হাইস্কুল, খিলক্ষেত<br>ঢাকা। | স্বাক্ষর: —<br>মোবাইল: |
| ১৪. | ১৪ | জনাব মো. ইমদাদুল হক<br>সংগঠক<br>১/১, টেকনো একতা নবদ্বয় হাউজিং<br>মেইন রোড, আদাবর, শ্যামলী, ঢাকা। | স্বাক্ষর: [signature]<br>মোবাইল: 01916-031803 |
| ১৫. | ১৫ | জনাব সমীরন রায়<br>উর্ধ্বতন হিসাব রক্ষণ অফিসার<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর | স্বাক্ষর: [signature]<br>মোবাইল: 01710-612868 |
| ১৬. | ১৬ | ড. সুমনা আফরোজ<br>উপ কীপার (প্রা:)<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর | স্বাক্ষর: [signature]<br>মোবাইল: 01552431372 |
| ১৭. | ১৭ | প্রতিনিধি মোবাশশিরা মাহমুদা, বিবলিওগ্রাফী অফিসার<br>জাতীয় গ্রন্থ কেন্দ্র<br>বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০। | স্বাক্ষর: [signature]<br>মোবাইল: ০১৫৫৯১২০২২৯ |
| ১৮. | ১৮ | জনাব ফারিয়াজ মোর্শেদ<br>ডাইরেক্টর (সেলস এণ্ড মার্কেটিং)<br>প্যান পেসিফিক সোনারগাঁও হোটেল<br>১০৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ<br>ঢাকা-১২১৫। | স্বাক্ষর:<br>মোবাইল: — |
| ১৯. | ১৯ | দ্বীন ইসলাম শ্যামল<br>সংগঠক ও অভিনেতা<br>বাংলাদেশ টেনিস ফেডারেশন<br>শাহবাগ, ঢাকা-১০০০। | স্বাক্ষর: [signature]<br>মোবাইল: |
| ২০. | ২০ | জনাব মো. সেলিম<br>সংস্কৃতিক ব্যক্তিত্ব<br>উত্তরা, ঢাকা। | স্বাক্ষর: [signature]<br>মোবাইল: 01708156836 |